USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

PRESS RELEASE

ইউএসএআইডি'র বাংলাদেশে শান্তির জন্য খাদ্য কর্মসূচীর ফলাফল ও পরবর্তী কর্মসূচী উপস্থাপন

ঢাকা, ১৩ই আগস্ট,২০১৫ – যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) শান্তির জন্য খাদ্য কর্মসূচীর সাম্প্রতিক পর্যায়ের অর্জন ও প্রাপ্ত শিক্ষা সরকারি কর্মকর্তা, উন্নয়ন সহযোগী অংশীদার ও সংশ্লিষ্টরা, আন্তর্জাতিক ও স্থানীয় বেসরকারি সংস্থা, গনমাধ্যম ও অন্যান্য অংশীদারদের মাঝে উপস্থাপন করেছে। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট, ইউএসএআইডি'র মিশন ডিরেক্টর ইয়ানিনা জেরুজালেস্কি এবং স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রী খন্দকার মোশাররাফ হসেন।

২০১০ সাল থেকে তৃণমূল পর্যায়ে খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিত করতে শান্তির জন্য খাদ্য কর্মসূচী একটি অপরিহার্য ভূমিকা পালন করে আসছে। শান্তির জন্য খাদ্য কর্মসূচীর মধ্যে দিয়ে ইউএসএআইডি জনগণকে বিশেষ করে গরীব এবং সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীকে খাদ্য, পুষ্টি, পানি ও সাস্থ্য বিষয়ক শিক্ষা দান করতে স্থানীয় সরকার, নেতৃবৃন্দ ও সুশীল সমাজের সাথে অংশীদারিত্ব করেছে। দক্ষিণ, দক্ষিণ পশ্চিমাঞ্চল এবং উত্তারাঞ্চলে বসবাসরত অত্যন্ত দরিদ্র জনগোষ্ঠী যারা জমিহীন ও অন্ত্যন্ত পুষ্টিহীনতায় ভুগে তাদের জন্য এই কর্মসূচীটি পরিচালিত হয়েছে। ২০১০ সালের মে মাসে থেকে ২১ কোটি ডলারের কর্মসূচীটি বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে খাদ্য নিরাপত্তাহীনতায় থাকা ৬,৫০,০০০ পরিবারের গবাদী পশুর সাস্থ্য, কৃষি, মাতৃ ও শিশু স্বাস্থ্য সহ গ্রামীণ জীবনযাত্রার মান উন্নয়নে সাহায্য করেছে। যদিও এই অংশের কর্মসূচী এই বছর শেষ হয়ে যাচ্ছে নতুন করে ১৮ কোটি ডলারের কর্মসূচী শুরু হতে যাচ্ছে। ইউএসএআইডি'র অনুদানে পরিচালিত হয়ে শান্তির জন্য খাদ্য কর্মসূচীটি বাংলাদেশের সকারের নিবিড় সহযোগিতায় কেয়ার, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল এবং এসিডিআই/ভিওসিএ বাস্তবায়ন করে।

১৯৭১ সাল থেকে যুক্তরাষ্ট্র সরকার ইউএসএআইডি'র মাধ্যমে বাংলাদেশকে ছয়'শ কোটি ডলারেরও বেশী উন্নয়ন সহায়তা প্রদান করেছে। ২০১৩ সালে ইউএসএআইডি বাংলাদেশের জনগণের জীবনমানের উন্নয়নে ২০ কোটি ডলার প্রদান করেছে। ইউএসএআইডি বাংলাদেশে যে সকল কর্মসূচিতে সহায়তা প্রদান করে সেগুলোর মধ্যে রয়েছে – গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও অনুশীলনের প্রসার, খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক সুবিধাদির সম্প্রসারণ, স্বাস্থ্য ও শিক্ষা সেবার উন্নয়ন ও অভিযোজন এবং স্বল্প কার্বন উন্নয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন পরিস্থিতির সংগে খাপ খাওয়ানো।

========

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566 2000 FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: http://dhaka.usembassy.gov

For complete information on U.S. Embassy Dhaka, including copies of all speeches and press releases in English and Bangla, please visit our web site at http://dhaka.usembassy.gov. And stay connected on Facebook at www.facebook.com/bangladesh.usembassy.